# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 12 June, 2025

লন্ডন সফরে দলীয় রাজনীতির বিশুদ্ধতা ও সংস্কার নিয়ে প্রধান উপদেষ্টা ও বিএনপি নেতা তারেক রহমানের মধ্যে আলোচনা হওয়া উচিত বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব ও মুখপাত্র মাওলানা গাজী আতাউর রহমান।

বৃহস্পতিবার (১২ জুন) এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। গাজী আতাউর রহমান বলেন, স্বাধীনতার ৫৪ বছর পরও দেশে পরিপক্ক রাজনৈতিক সংস্কৃতি গড়ে ওঠেনি। গত ১৫ বছরের স্বৈরাচারবিরোধী লড়াই ও অভ্যুত্থানের পর জাতি সুস্থ রাজনৈতিক সংস্কৃতি প্রত্যাশা করেছিল, কিন্তু বর্তমান রাজনীতির বাস্তবতা হতাশাজনক।

বিএনপি দেশের অন্যতম প্রধান দল উল্লেখ করে মাওলানা গাজী আতাউর রহমান বলেন, তাদের মতামত ও নেতৃত্বের গুরুত্ব থাকা স্বাভাবিক। প্রধান উপদেষ্টার সাম্প্রতিক লন্ডন সফরে বিএনপি প্রধানের সঙ্গে বৈঠক ঘিরে সরকারের তৎপরতা, অনুমোদন এবং মিডিয়ায় উচ্চমাত্রার প্রচার রাজনৈতিক অঙ্গনে একক ব্যক্তিকেন্দ্রিকতার অনাকাঙ্ক্ষিত ইঙ্গিত দিচ্ছে।

তিনি বলেন, নির্বাচনকে সুষ্ঠু করতে লেভেল প্লেয়িং ফিল্ড অত্যন্ত জরুরি।এটি কেবল রাজনৈতিক নয়, প্রশাসনিক, মনস্তাত্ত্বিক ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ও।প্রধান উপদেষ্টার লন্ডন সফরের আচরণে ওই ভারসাম্য বিঘ্নিত হওয়ার শঙ্কা তৈরি হয়েছে।

তিনি আরও বলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ প্রত্যাশা করে, অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে সব রাজনৈতিক দলের প্রতি সমভাবে নিরপেক্ষ আচরণ করা হবে।

মাওলানা গাজী আতাউর রহমান আশা প্রকাশ করে বলেন, দেশে শান্তিপূর্ণ ও পরিশুদ্ধ রাজনৈতিক চর্চার স্বার্থে বিএনপি প্রধান তারেক রহমানকে চাঁদাবাজি ও সহিংসতা বন্ধে ভূমিকা রাখতে প্রধান উপদেষ্টা আহ্বান জানাবেন।একই সঙ্গে বিএনপির সংস্কার প্রক্রিয়ায় দ্বিমতের বিষয়টি আলোচনা হবে এবং জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠায় তাদের আরও দায়বদ্ধতার প্রত্যাশা জাতি করছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:14

URL: https://www.timestodaybd.com/public/politics/7758073388